গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।
www.bochaganj.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭২১.০০০.০৫.০২৫.২৪-৮০

তারিখঃ ০৭ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
২১ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

## দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলার হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি (১ম পর্যায়)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০০২.০১.০০২.১১.৮৭০, তারিখ-২১ সেপ্টেম্বর/২০১১ খ্রিঃ তারিখের সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা ইজারা পদ্ধতি বিষয়ে জারীকৃত নীতিমালা অনুযায়ী দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলাধীন নিম্নতফসীল বর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য নিম্নবর্ণিত শর্তে আগ্রহী জনসাধারণ ও হাট-বাজার ব্যবসায়ীগণের নিকট হতে অত্রাফিসের নির্ধারিত ফরমে ক্যালেন্ডারে বর্ণিত তারিখে ১ম, ২য় ও ৩য় দফায় সীল মোহর যুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম (সিডিউল) নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের কার্যালয়ে, উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ কার্যালয়ে, সহকারী কমিশনার (ভূমি) বোচাগঞ্জ এর কার্যালয়, সোনালী ব্যাংক লিঃ, সেতাবগঞ্জ শাখা হতে (শুধুমাত্র সরকারি ছুটির বাদে) অফিস চলাকালীন সময়ে দরপত্র (সিডিউল) দাখিলের পূর্ব দিন পর্যন্ত ক্রয় করা যাবে। দরপত্রসমূহ ক্যালেন্ডারে বর্ণিত তারিখে সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর ও উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং একই দিন বিকেল ৩.০০ টায় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। উল্লেখ্য ১ম দফায় যে সমস্ত হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হবে, ২য় দফায় ঐ সমস্ত হাট-বাজারের জন্য সিডিউল বিক্রয় করা হবে না। এ প্রক্রিয়া ৩য় দফা পর্যন্ত অব্যাহত থাকবে।

### ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলীঃ

১. প্রতি হাট-বাজার এর জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করতে হবে।

২. বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

৩. দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ড্রাফট এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে দাখিল করতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজরা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে ব্যয় মিটানো হবে। বৎসর শেষে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৪. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র গ্রহণ সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫ % (শতকরা পাঁচত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে জমা দিতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৫. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মুল্যের কম হয় তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৬. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র (সিডিউল) বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৭. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৯. প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের সহিত প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল গন্য হবে।

১১. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (দিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকা নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে এবং চুক্তিপত্র স্বাক্ষর ব্যতীত হাট-বাজার দখল প্রদান করা হবে না।

১২. সময় সময় জারীকৃত সরকারি আইন মেনে চলতে বাধ্য থাকতে হবে।

১৩. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

১৪. ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।
১৫. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন-রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।
১৬. কোন ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১৭. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
১৮. হাট-বাজার ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।
১৯. চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা হবে।
২০. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

## তফসিলভূক্ত হাট-বাজার ইজারার ক্যালেন্ডার

| দফা | দরপত্র (সিডিউল) দাখিলের তারিখ ও সময় | |
|---|---|---|
| ১ম পর্যায় | দরপত্র বিক্রির তারিখ | ০৬/০২/২০২৪ হতে ১৪/০২/২০২৪ পর্যন্ত অফিস চলাকালীন সময়। |
| | দরপত্র বাক্সে দাখিলের তারিখ | ১৫/০২/২০২৪ সকাল ৯.০০ হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| | দরপত্র বাক্স খোলার তারিখ | ১৫/০২/২০২৪ বেলা ৩.০০ ঘটিকা। |
| ২য় পর্যায় | দরপত্র বিক্রির তারিখ | ২২/০২/২০২৪ হতে ০৫/০৩/২০২৪ পর্যন্ত অফিস চলাকালীন সময়। |
| | দরপত্র বাক্সে দাখিলের তারিখ | ০৬/০৩/২০২৪ সকাল ৯.০০ হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| | দরপত্র বাক্স খোলার তারিখ | ০৬/০৩/২০২৪ বেলা ৩.০০ ঘটিকা। |
| ৩য় পর্যায় | দরপত্র বিক্রির তারিখ | ০৭/০৩/২০২৪ হতে ১৮/০৩/২০২৪ পর্যন্ত অফিস চলাকালীন সময়। |
| | দরপত্র বাক্সে দাখিলের তারিখ | ১৯/০৩/২০২৪ সকাল ৯.০০ হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| | দরপত্র বাক্স খোলার তারিখ | ১৯/০৩/২০২৪ বেলা ৩.০০ ঘটিকা। |

## তফসিলভূক্ত হাট-বাজার

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | ১৪৩১ সনের সরকারি কাঙ্খিত মূল্য | দরপত্র (সিডিউলের মূল্য) |
|---|---|---|---|---|
| ১. | নাফানগর ইউপি | সুলতানপুর হাট | ৪৫,৪০৫/- | ৫০০/- |
| ২. | " | ফুটকিবাড়ী হাট | ৩২,৫০৮/- | ৫০০/- |
| ৩. | " | পুলের হাট | ৬০৫/- | ৫০০/- |
| ৪. | " | কংশরা হাট | ২,২৪৯/- | ৫০০/- |
| ৫. | ইশানিয়া ইউপি | বকুলতলা হাট | ১৫,১০২/- | ৫০০/- |
| ৬. | " | গোপেনসাহা হাট | ১৭,১৪০/- | ৫০০/- |
| ৭. | " | বৈরাগীর হাট | ৭,৫১০/- | ৫০০/- |
| ৮. | মুশিদহাট ইউপি | প্রীতিরবাজার | ৪৮,৫৭০/- | ৫০০/- |
| ৯. | আটগাঁও ইউপি | মাধবপুর হাট | ১,৩৪,০৯০/- | ১,০০০/- |
| ১০. | " | মোল্লাপাড়া হাট | ৩১,৬৯১/- | ৫০০/- |
| ১১. | " | পুলহাট | ৬৬,৮৫৯/- | ৫০০/- |
| ১২. | ছাতইল ইউপি | মাহেরপুর হাট | ৩৪,০২৬/- | ৫০০/- |
| ১৩. | " | জংলীপির হাট | ৯৮,৯৩৫/- | ৫০০/- |
| ১৪. | " | ভাদুয়ারী হাট | ৫২,৫৭৬/- | ৫০০/- |
| ১৫. | " | নাউয়াভিটা হাট | ৬,৯৮০/- | ৫০০/- |
| ১৬. | " | দেউর হাট | ৪,৫২৪/- | ৫০০/- |
| ১৭. | রনগাঁও | হাটরামপুর হাট | ৫,৫৮,৪৪৫/- | ২,০০০/- |
| ১৮. | " | চিন্তামনি হাট | ১,১৮,৮৩৬/- | ১,০০০/- |
| ১৯ | " | সাদামহল হাট | ৪৭,৭১৯/- | ৫০০/- |

স্বাক্ষরিত/-
(মোঃ ডালিম সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা হাট-বাজার দরপত্র ইজারা মূল্যায়ন কমিটি
বোচাগঞ্জ, দিনাজপুর।
☏ ০৫৩২৫-৭৩০০৯
unobochaganj@mopa.gov.bd

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।
www.bochaganj.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭২১.০০০.০৫.০২৫.২৪-৮০

তারিখঃ ০৭ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
২১ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি ঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। জেলা প্রশাসক, দিনাজপুর।
৫। পুলিশ সুপার, দিনাজপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৭। মেয়র, সেতাবগঞ্জ পৌরসভা, বোচাগঞ্জ, দিনাজপুর।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
৯। উপজেলা নির্বাহী অফিসার, ........................................................................................(সকল), দিনাজপুর।
১০। সহকারী কমিশনার (ভূমি), বোচাগঞ্জ, দিনাজপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১। অফিসার ইনচার্জ, বোচাগঞ্জ থানা, দিনাজপুর।
১২। চেয়ারম্যান/সচিব, ...৩ নং মুশিদহাট......(সকল), ইউপি, বোচাগঞ্জ, দিনাজপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পোর্টালে প্রকাশ এবং তার এলাকায় স্থানীয় হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে বহু প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩। ব্যবস্থাপক, .............................................বোচাগঞ্জ, দিনাজপুর।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,..................................(সকল), ইউনিয়ন ভূমি অফিস, বোচাগঞ্জ, দিনাজপুর। তাকে তার এলাকায় স্থানীয় হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা করে ধার্য তারিখের পূর্বে সার্ভিস রিটার্ন ফেরত পাঠানোর জন্য অনুরোধ করা হলো।
১৫। জনাব.........................................................................................................................., পিতা-..............................................................গ্রাম-.......................................বোচাগঞ্জ, দিনাজপুর।
১৬। অফিস কপি।

(মোঃ ডালিম সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা হাট-বাজার দরপত্র ইজারা মূল্যায়ন কমিটি
বোচাগঞ্জ, দিনাজপুর।
☏ ০৫৩২৫-৭৩০০৯
unobochaganj@mopa.gov